সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
মাননীয় মন্ত্রীর দপ্তর

**প্রেস বিজ্ঞপ্তি**

**১ সেপ্টেম্বর হতে গণপরিবহণের পূর্বের ভাড়া কার্যকর হবে**

ঢাকা, ২৯ আগস্ট ২০২০, শনিবার
সামগ্রিক পরিস্থিতি এবং জনস্বার্থ বিবেচনায় সরকার শর্তসাপেক্ষে আগামী ১ সেপ্টেম্বর হতে করোনাকালের জন্য সমন্বয় করা ভাড়ার পরিবর্তে গণপরিবহনের আগের ভাড়া কার্যকরের সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি।

মন্ত্রী আজ নিজ বাসভবন থেকে ভিডিও কনফারেন্সে ঢাকা সড়ক জোন কার্যালয়ের সাথে সংযুক্ত হয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জোন, বিআরটিসি এবং বিআরটিএ'র কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় একথা বলেন।

এ সময় তিনি বলেন, আগের নির্ধারিত ভাড়ায় ফিরে যাওয়ার ক্ষেত্রে পরিবহন মালিক-শ্রমিক, যাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে। মন্ত্রী বলেন, বাস, মিনিবাসে যত আসন রয়েছে ততজন যাত্রী থাকবে, আসন সংখ্যার বেশি বা দাঁড়ানো অবস্থায় কোনো যাত্রী পরিবহন করা যাবেনা। এছাড়া পর্যাপ্ত সাবান পানি অথবা হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখাসহ ট্রিপের শুরু এবং শেষে যানবাহন জীবানুমুক্ত করতে হবে।

মন্ত্রী এসময় পরিবহন মালিক-শ্রমিকদের শর্ত মেনে পরিবহন চালানোর পাশাপাশি সাধারণকেও মাস্ক পরিধানসহ নিজের সুরক্ষায় সচেতন থাকার আহবান জানান। সরকারি নির্দেশনা অমান্যকারী যানবাহনের বিরুদ্ধে নিয়মিত কার্যক্রম জোরদারে বিআরটিএকে নির্দেশ দিয়ে মন্ত্রী এ বিষয়টি কঠোরভাবে প্রতিপালনে অধিকতর সক্রিয় থাকতে আইন প্রয়োগকারি সংস্থাসমূহের প্রতিও অনুরোধ জানান।

এর আগে ভিডিও কনফারেন্সে মন্ত্রী মহাসড়কের পরিচ্ছন্নতা এবং সৌন্দর্যবর্ধনের ওপর গুরুত্বারোপ করে বলেন, বিভিন্ন সিটি কর্পোরেশন এবং পৌরসভা সড়ক-মহাসড়কের পাশে আবর্জনা ফেলছে, যা অস্বাস্থ্যকর এবং অপ্রত্যাশিত। এছাড়া মহাসড়কের বিভাজক ও পাশে অপ্রয়োজনীয় ব্যানার, পোস্টার সরিয়ে ফেলতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

তিনি বলেন, পদ্মা সেতুর নির্মাণ কাজ শেষ হলে ঢাকামুখি যানবাহনের চাপ বাড়বে। বাড়তি চাপ মোকাবিলাসহ সুষ্ঠু যানবাহন ব্যবস্থাপনা ও যানজট নিরসনে ইনার এবং আউটার সার্কুলার সড়ক সমূহের কাজ সম্পন্ন করতে হবে। এ সময় তিনি বলেন, আট লেনের আমিনবাজার সেতুসহ , সালেহপুর এবং নয়ারহাটে তিনটি সেতু নির্মাণ করা হবে। মন্ত্রী বলেন, ঢাকার পাশ্ববর্তী জেলাসমূহের একাশিটি বেইলি সেতুর পরিবর্তে কনক্রিট সেতু নির্মাণে একটি প্রকল্প নেয়া হয়েছে। এ কাজ দ্রুত শুরু হবে বলে তিনি জানান।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম, সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী শাহরিয়ার হোসেন, ঢাকা সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সবুজ উদ্দীন খানসহ মন্ত্রণালয়, বিআরটিসি, বিআরটিএর উর্ধতন কর্মকর্তাগণ এবং ঢাকা সড়ক জোনের তত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহি প্রকৌশলীগণ ভিডিও কনফারেন্সে যুক্ত ছিলেন।

স্বাক্ষরিত/-
মো. আবু নাছের
জনসংযোগ কর্মকর্তা